

Government of the People's Republic of Bangladesh

Office of the Headmaster

Phone: 0821-716382



# Sylhet Govt. Pilot High School, Sylhet

EIIN No: 130400, Email: hmsylgovpilotschool@yahoo.com

Web: [www.sylgovpilothss.edu.bd](http://www.sylgovpilothss.edu.bd)

স্মারক নং: সিসপাউবি/১৬(১০)

তারিখ: ২০/০৫/২০২১ খ্রি:

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিদ্যালয়ের ২০২১ শিক্ষাবর্ষে অধ্যয়নরত সকল শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের ( ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত) ইউনিক আইডি ফরম পূরণ করতে হবে। এজন্য সকল শিক্ষার্থীকে জন্মনিবন্ধন সনদ অনলাইন রেজিস্ট্রেশনভুক্ত কি না যাচাই করত: যেসব শিক্ষার্থীর জন্ম নিবন্ধন অনলাইন রেজিস্ট্রেশনভুক্ত নয় তাদেরকে দ্রুত অনলাইনে জন্ম নিবন্ধন সম্পন্ন করে নিজের কাছে রাখার নির্দেশ দেওয়া হলো। অনলাইন জন্ম নিবন্ধন নম্বর হবে ১৭ ডিজিট এবং তা অনলাইনে ভেরিফিকেশন করা যাবে। উল্লেখ্য যে, ১৭ ডিজিট বিশিষ্ট জন্ম নিবন্ধন নাম্বার থাকলেও যদি তা অনলাইন ভেরিফিকেশন করা না যায় (জন্ম নিবন্ধন সনদ অনলাইন রেজিস্ট্রেশন ভুক্ত কি না তা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশনে যোগাযোগ করলে জানা যাবে) তবে পুনরায় নিবন্ধন করে নিবন্ধন কার্ডটি সংগ্রহে রাখতে সকল শিক্ষার্থীকে নির্দেশ দেওয়া গেল।

## এছাড়াও আরো যা যা লাগবে

- ১। শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ২ কপি।
- ২। শিক্ষার্থীর অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি ০১ টি।
- ৩। শিক্ষার্থীর রক্তের গ্রুপ সনাক্তের মেডিকেল রিপোর্টের ফটোকপি ১টি।
- ৪। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১টি।
- ৫। পিতা ও মাতার অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি ১টি।
- ৬। পিতা-মাতা উভয়ই জীবিত না থাকলে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১টি।
- ৭। শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের ফটোকপি ১টি ( ৮ম শ্রেণি থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য)
- ৮। পিইসি/ইবতেদায়ী, জেএসসি/জেডিসি, এসএসসি/দাখিল/ভোকেশনাল পরীক্ষার সনদ ও ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি ১টি।
- ৯। শিক্ষার্থী প্রতিবন্ধী হলে প্রতিবন্ধী সনদের ফটোকপি ১টি।

উল্লেখ্য যে, উপরিক্ত কাগজপত্রাদি সংগ্রহ করে, <http://www.banbeis.gov.bd> ওয়েব সাইট হতে IEIMS অপশন থেকে শিক্ষার্থী তথ্যছক ডাউনলোড করত: ২৯/০৫/২০২১ ইং তারিখের মধ্যে পূরণ করে রাখতে হবে। পরবর্তীতে নির্দেশিত তারিখে বিদ্যালয়ে স্ব-স্ব শ্রেণী শিক্ষকের নিকট জমা দিতে হবে।

  
২০/০৫/২০২১

(মো. কবির খান)

প্রধান শিক্ষক

সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট।